গাংনীতে মোটরসাইকেল ও ইজিবাইকের মুখোমুখি সংঘর্ষ, প্রাণ হারালেন যুবক

মেহেরপুরের গাংনীতে মোটরসাইকেল ও ইজিবাইকের মুখোমুখি সংঘর্ষে লিখন হোসেন (২৮) নামের এক যুবকের মৃত্যু হয়েছে।

শুক্রবার দুপুর ১২ টার দিকে গাংনী-কাথুলী সড়কের চৌগাছা এলাকার এ দুর্ঘটনা ঘটে। নিহত লিখন হোসেন ষোলটাকা গ্রামের রহিদুল ইসলামের ছেলে। এঘটনায় আটোবাইক চালক আহত হয়েছে।

প্রত্যক্ষদর্শীরা জানান, লিখন হোসেন মোটরসাইকেল যোগে গাংনী থেকে সাহারবাটি যাচ্ছিলেন এবং অপরদিক থেকে গাংনী গামী একটি ইজিবাইক চৌগাছাতে পৌছালে মুখোমুখি সংঘর্ষ হয়। এতে লিখন হোসেন গুরুত্বর আহত হন। স্থানীয়রা তাকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যায়। সেখানে অবস্থার অবনতি হওয়ায় কর্তব্যরত চিকিৎসক মাসুদুর রহমান তাকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করেন। কুষ্টিয়াতে তার অবস্থার আরো অবনতি হলে চিকিৎসক তাকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করে। এ্যাম্বুলেন্স যোগে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসা নিতে যাওয়ার সময় পাবনা জেলার রুপপুর এলাকায় পৌছানোর পর তার মৃত্যু হয়।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা বনি ইসরাইল জানান, দুর্ঘটনার সংবাদ পেয়ে পুলিশ পাঠানো হয়েছে। পরবর্তীতে আইনগত ব্যবস্থা নেয়া হবে।

মাওলানা তাজউদ্দিন খান আবারও

জেলা জামায়াতের আমীর নির্বাচিত

আগামী ২০২৫-২৬ সেশনের জন্য সদস্যদের (রুকন) প্রত্যক্ষ ভোটে বাংলাদেশ জামায়াত ইসলামী মেহেরপুর জেলার পুনরায় আমীর নির্বাচিত হয়েছেন মাওলানা তাজউদ্দিন খান।

আজ বৃহস্পতিবার (২৪ অক্টোবর) কেন্দ্রীয় জামায়াতের প্রচার সম্পাদক অ্যাডভোকেট মতিউর রহমান আকন্দ জেলা জামায়াতের আমীর হিসেবে তার নাম ঘোষণা করেন।

মাওলানা তাজ উদ্দিন খান এবার দিয়ে চতুর্থবারের মত মেহেরপুর জেলা জামায়াতের আমীর নির্বাচিত হলেন।
দলীয় সূত্র এই তথ্য নিশ্চিত করেছেন।

মেহেরপুরে ওয়েভ ফাউন্ডেশন আরএমটিপি প্রকল্পের মেশিন ও চেক বিতরণ

মেহেরপুরে ওয়েভ ফাউন্ডেশন আরএমটিপি প্রকল্পের মেশিন ও চেক বিতরণ করা হয়েছে।

আজ বৃহস্পতিবার দুপুর ২ টার সময় ফুলবাগান পাড়ায় মেহেরপুর সদর উপজেলা ওয়েভ ফাউন্ডেশনের ইউনিট অফিসে আন্তর্জাতিক কৃষি উন্নয়ন তহবিল (ইফাদ), ডেনমার্ক দূতাবাস (ড্যানিডা) এবং পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর আর্থিক ও কারিগরি সহযোগিতায় ওয়েভ ফাউন্ডেশন কর্তৃক বাস্তবায়িত রুরাল মাইক্রো এন্টারপ্রাইজ ট্রান্সফর্মেশন প্রজেক্ট আরএমটিপি’র আওতায় নিরাপদ মাংস ও দুগ্ধ জাত পণ্যের বাজার উন্নয়ন উপ-প্রকল্পের মাধ্যমে ডেইরি খামারিদের মাঝে ঘাস ও খড় কাটার মেশিন, দানাদার খাদ্য ভাঙানো মেশিন এবং অনুদানের চেক বিতরণ অনুষ্ঠিত হয় ।

উক্ত মেশিন বিতরণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আরএমটিপি’র প্রকল্প

ব্যবস্থাপক ডা.আবু সালেহ্ মোঃ শহীদ, ইউনিট ম্যানেজার মোঃ মাজিদুল ইসলাম , ভ্যালু চেইন ফ্যাসিলিটেটর কৃষিবিদ সাজেদুল হক , এলএসপি শাহিনুল ইসলাম এবং স্বপন মিয়া সহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গগণ উপস্থিত ছিলেন ।

মেশিন বিতরণকালে প্রকল্প ব্যবস্থাপক সামগ্রিকভাবে প্রকল্পের লক্ষ্য উদ্দেশ্য সম্পর্কে আলোচনা করেন ।

এ সময় ভ্যালু চেইন ফ্যাসিলিটেটর মোঃ আশরাফুল হক খামারিদের উদ্দেশ্যে মেশিন ব্যবহারের সামগ্রিক গুরুত্ব ও সময় অপচয় রোধে গুরুত্বপূর্ণ আলোচনা করেন।

উক্ত অনুষ্ঠানটি সঞ্চালনায় ছিলেন সহকারী ভ্যালু চেইন ফ্যাসিলিটেটর মোছাঃ সহিবা খাতুন ।

মেহেরপুরে বিআরটিএ কর্মকর্তার বিরুদ্ধে ঘুষ বাণিজ্যের অভিযোগ

মেহেরপুর বিআরটিএ’র মোটর ভেহিকেল ইন্সপেক্টর জিয়াউর রহমানের বিরুদ্ধে ঘুষের বিনিময়ে একটি পক্ষকে মোটরযানের ড্রাইভিং লাইসেন্স এর লিখিত পরীক্ষায় পাশ করিয়ে দেওয়ার অভিযোগে বিক্ষোভ মিছিল করেছে মেহেরপুর কারিগরী প্রশিক্ষণ কেন্দ্র’র (টিটিসি)ড্রাইভিং ট্রেডের পরীক্ষার্থীরা।

বিআরটিএ’র মাধ্যমে যারা ঘুষ দিয়ে পরীক্ষায় অংশ গ্রহণ করেছে তাদের সকলকেই গতকাল বুধবার অনুষ্ঠিতব্য লিখিত পরীক্ষায় পাশ করানো হয়েছে অপর দিকে টিটিসি’র পরীক্ষার্থীরা ঘুষ না দেওয়ায় তাদের ৭৬ জন পরীক্ষার্থীর মধ্যে ৭ জন কে পাশ করানো হয়। পরে পরীক্ষার্থীরা খাতা পুনরায় নিরীক্ষার আবেদন জানায়, তাতে আরও ২০ জন পাশ করে। এমন অভিযোগে ফুৃঁসে ওঠেন তারা। তাদের অভিযোগের পরে আগের পরীক্ষা বাতিল করে পুনরায় পরীক্ষা গ্রহণ করা হলে পরিস্থিতি শান্ত হয়। আজ

বৃহস্পতিবার দুপুরে মেহেরপুর সরকারী উচ্চ বিদ্যালয় প্রাঙ্গণে এ ঘটনা ঘটে।

ড্রাইভিং লাইসেন্স পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের অভিযোগ, টিটিসি’তে তিন মাসের ড্রাইভিং কোর্স শেষ করে ৭৬ জন পরীক্ষার্থী ড্রাইভিং পরীক্ষায় অংশগ্রহণ করে মাত্র ২৭ জন পাশ করেছে। এদিকে কোন রকম প্রাকটিক্যাল ও ব্যবহারিক প্রশিক্ষণ না নিয়ে ১শ ৩৫ জন ড্রাইভিং পরিক্ষায় অংশ নেন। এদের মধ্যে ১শ ৩০ জনকে ঘুষের বিনিময়ে পাশ করানো হয়েছে। টিটিসি থেকে অংশ নেওয়া পরীক্ষার্থীদের খাতা পুণঃ পরীক্ষনে ২০ জন পুনরায় পাশ করে। এতে প্রমানিত হয় খাতা নিরীক্ষণে অনিয়ম হয়েছে। তাদের আরো অভিযোগ বিগত দিনে টিটিসি থেকে ড্রাইভিং পরীক্ষায় অংশ নেওয়ার সময় জনপ্রতি বিআরটিএ অফিসে দুই হাজার টাকা করে ঘুষ দিতে হতো। কিন্তু এবার তারা সে ঘুষ পদ্ধতি বন্ধ করে দিয়েছে। তাই তাদের ইচ্ছা করে ফেল করানো হয়েছে। তবে পুনঃ পরীক্ষায় টিটিসি থেকে ৬২ জন অংশ গ্রহণ করে ৫৫ জন লিখিত পরীক্ষায় পাশ করে তবে সাধারণ পরীক্ষার্থীদের মধ্যে মাত্র ১৮ জন পাশ করে। অপর দিকে বিআরটিএ দপ্তরের কম্পিউটার অপারেটর স্বাধীনের বিরুদ্ধে বায়োমেট্রিক গ্রহণের সময় জনপ্রতি ১শ টাকা করে ঘুষ নেওয়ারও অভিযোগ তোলেন পরীক্ষার্থীরা।

এ বিষয়ে বিআরটিএ দপ্তরের মোটর ভেহিকল ইন্সপেক্টর জিয়াউর রহমান বলেন কোন অনিয়ম হয়নি। তবে খাতা দেখায় কিছু ভুল হয়েছিলো।

মেহেরপুর অতিরিক্ত জেলা প্রশাসক তরিকুল ইসলাম বলেন, পরীক্ষার্থীদের মৌখিক অভিযোগের প্রেক্ষিতে আগের পরীক্ষাটি বাতিল করে পুনরায় পরীক্ষা গ্রহণ করা হচ্ছে। তবে কেউ যদি এ বিষয়ে লিখিত অভিযোগ দেয় তাহলে অবশ্যই আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

সকলকে একত্ববদ্ধ হয়ে ষড়যন্ত্রকারীদের বিরুদ্ধে

রুখে দাঁড়াতে হবে-আব্দুর রশিদ

ছাত্র আন্দোলনে ছাত্র জনতার চাপে স্বৈরাচার শেখ হাসিনা দেশ ছেড়ে পালিয়ে গেছে ঠিকই।কিন্তু অলিতে গলিতে তার প্রেত-আত্মারা ছড়িয়ে ছিটিয়ে আছে। সব সময় তারা বিএনপির বিরুদ্ধে ষড়যন্ত্র করবে। তাই আমাদের সকলকে একত্ববদ্ধ হয়ে ষড়যন্ত্রকারীদের বিরুদ্ধে রুখে দাঁড়াতে হবে এবং মেহেরপুর জেলা বিএনপির সভাপতি মাসুদ অরুনের নেতৃত্বে সকলকে একত্ববদ্ধ থেকে ধানের শীষে ভোট দিয়ে বেগম খালেদা জিয়াকে প্রধানমন্ত্রী বানাতে হবে এটাই আমাদের মূল লক্ষ্য।

আজ বৃহস্পতিবার (২৪ অক্টোবর) বিকালে মুজিবনগরে বাগোয়ান ইউনিয়ন ৫ নং ওয়ার্ড বিএনপির আয়োজনে, বৈষম্য বিরোধী ছাত্র-জনতার আন্দোলনে শহীদদের আত্মার মাগফিরাত এবং বেগম খালেদা জিয়ার সুস্থ্যতা কামনায় দোয়া ও আলোচনা সভায় এ সব কথা বলেন, জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক আব্দুর রশিদ

তিনি আরো বলেন, আওয়ামী লীগের সাধারণ ভোটারদের উপর আমাদের কোন ক্ষোভ নেই। তবে বাগোয়ানবাসীকে বলে দিতে চাই, যে সকল আওয়ামী লীগের নেতারা পরিচয় দিয়ে গেছে আমি মন্ত্রীর খালাতো ভাই, খালাতো বোন, মন্ত্রীর কাছের লোক।

এসব বলে তারা আমাদের উপর যে অত্যাচার করেছে বিএনপি সরকার ক্ষমতায় আসলে এ সকল লোকদের ক্ষমা করা হবে না।

উক্ত আলোচনা সভায় মুজিবনগর উপজেলা স্বেচ্ছাসেবক দলের সাংগঠনিক সম্পাদক ও (সাবেক মেম্বার) আনিসুর রহমানের সভাপতিত্বে ও বিএনপি নেতা মোখলেসুর রহমানের সঞ্চালনায় অন্যেদের মধ্যে উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা যুবদলের সহ-সভাপতি আব্দুল হামিদ, মুজিবনগর উপজেলা যুবদলের সিনিয়র সহ-সভাপতি শফিকুল ইসলাম, উপজেলা যুবদলের সহ-সভাপতি শাহীনুর রহমান (শাহিন), উপজেলা কৃষকদলের সিনিয়র সহ-সভাপতি রমজান আলী, জেলা যুবদলের সদস্য আরিফ হোসেন ও তুষার।

এ সময় জুলাই- আগস্ট এ নিহত সকল ছাত্র-জনতার আত্মার মাগফেরাত এবং আহতদের দ্রুত রোগ মুক্তি কামনায় দোয়া করা হয়।

ঘূর্ণিঝড় দানার প্রভাব, মেহেরপুরে গুড়ি গুড়ি বৃষ্টি

ঘূর্ণিঝড় দানার প্রভাবে আজ বৃহস্পতিবার (২৪ অক্টোবর) সকাল থেকে মেহেরপুরের বিভিন্ন স্থানে গুড়ি গুড়ি বৃষ্টি শুরু হয়। বিকেলের দিকে বৃষ্টি বাড়লেও প্রায় ঘন্টাখানেক পর আবারও শুরু হয় গুড়ি গুড়ি বৃষ্টি।

এদিকে সকাল থেকে দুপুর পর্যন্ত জেলার গাংনী উপজেলার বামন্দী, এলাঙ্গী, কাজিপুর, মুজিবনগর উপজেলার বিভিন্ন কয়েক দফা বৃষ্টি হয়েছে। এখনও অব্যহত রয়েছে গুড়ি গুড়ি বৃষ্টি। সাথে বইছে হালকা ঠান্ডা হাওয়া।

সকাল থেকেই আকাশ মেঘলা রয়েছে। মাঝে মাঝে হালকা বৃষ্টিপাত হচ্ছে। সন্ধ্যার পর থেকে বৃষ্টিপাত বেড়েছে।

এদিকে দিনভর গুড়ি গুড়ি বৃষ্টি হওয়ায় জনসাধারণ ঘরের বাইরে খুব একচা বের হচ্ছেনা।

মেহেরপুরের আন্তঃস্কুল বিতর্ক প্রতিযোগিতা অনুষ্ঠিত

দেশের স্কুল-কলেজ-বিশ্ববিদ্যালয় পর্যায়ে প্রচলিত সহশিক্ষা কার্যক্রমের মধ্যে বিতর্ক অন্যতম। বাগ্মিতা, চিন্তনদক্ষতা ও যুগের সঙ্গে অতি প্রাসঙ্গিক গুণগুলোর ব্যাপারে শিক্ষা ও চর্চা হয় এর মাধ্যমে।

প্রাথমিক শিক্ষার মান উন্নয়নের পাশাপাশি মাধ্যমিক পর্যায়ে স্বল্প পরিষরে কার্যক্রম শুরু করেছে সরকারের উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান মানব উন্নয়ন কেন্দ্র (মউক)।

এরই প্রেক্ষিতে আজ বৃহস্পতিবার (২৪ অক্টোবর) মেহেরপুর সদর

উপজেলার সাহেবপুর মাধ্যমিক বিদ্যালয়ে শিশুবিবাহ নিয়ে এক বিতর্ক প্রতিযোগিতার আয়োজন করা হয়।

গণসাক্ষরতা অভিযানের সহযোগিতায় মানব উন্নয়ন কেন্দ্র (মউক) এই অনুষ্ঠানের আয়োজন করে। সাহেবপুর মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক মো: মোস্তাক আহাম্মদের সভাপতিত্বে স্বাগত বক্তব্য রাখেন জেলা প্রোগ্রাম ম্যানেজার সাদ আহাম্মদ।

সহকারি প্রোগ্রাম অফিসার আশিক বিল্লাহ উপস্থাপনায় আরো বক্তব্য রাখেন শিক্ষক মিনারুল ইসলাম, মীর শফিকুল ইসলাম, প্রোগ্রাম ম্যানেজার কাজল রেখা এবং মো: আবু তালেব।

বিতর্কে বিবাহ আইন, বাল্যবিয়ের কুফল, আইনগত তথ্য, দেনমহর, রেজিষ্টেশন সহ শিশুবিবাহের বিভিন্ন তথ্য তুলে ধরে শিক্ষার্থীরা বক্তব্য উপস্থাপনা করে।

স্ত্রী হত্যা মামলায় ঘাতক স্বামীকে গ্রেফতার করলো র্যাব-১২ মেহেরপুর ক্যাম্প

যৌতুকের দাবিতে নিজ স্ত্রীকে কুপিয়ে হত্যা মামলার প্রধান আসামি স্বামী রাসেল ইসলাম (২৫) কে গ্রেফতার করেছে র্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব)। রাসেল ইসলাম চুয়াডাঙ্গা জেলার আলমডাঙ্গা উপজেলার রোয়াকুলি গ্রামের বাসিন্দা।

গতকাল বুধবার (২৩ অক্টোবর) দিবাগত রাতে র্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব-১২) ক্রাইম প্রিভেনশন সেন্টার (সিপিসি-৩) মেহেরপুর ক্যাম্প ও র্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব-১০) ফরিদপুর ক্যাম্প যৌথ অভিযান চালিয়ে ফরিদপুরের মুন্সিবাড়ি এলাকা থেকে তাঁকে গ্রেপ্তার করে।

আজ বৃহস্পতিবার (২৪ অক্টোবর) বিকালে এই তথ্য নিশ্চিত করেছেন র্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব)-১২ এর মেহেরপুর সিপিস-৩ এর

কোম্পানি কমান্ডার (অতিরিক্ত পুলিশ সুপার) আশরাফউল্লাহ।

তিনি জানান, চুয়াডাঙ্গার আলমডাঙ্গা উপজেলায় স্ত্রীকে কুপিয়ে হত্যার পর রেললাইনে মরদেহ ফেলে রাখার অভিযোগে রাসেল ইসলামকে গ্রেপ্তার করা হয়েছে।

তিনি জানান, আলমডাঙ্গার বলিয়ারপুর এলাকার শীলা খাতুন (২০) ও বোয়াকুলী গ্রামের রাসেল ইসলামের প্রায় চার বছর আগে বিয়ে হয়। বিয়ের পর থেকে যৌতুকের দাবিতে বিভিন্নভাবে স্বামীর পরিবার শীলাকে অত্যাচার করত।

গত ২১ অক্টোবর রাসেলের সঙ্গে শীলার কথা কাটাকাটি হয়। এর জেরে রাসেল তার স্ত্রীকে কুপিয়ে হত্যা করে রাতে মরদেহ মুন্সিগঞ্জ রেলওয়ে স্টেশন এলাকায় রেললাইনের ওপর ফেলে পালিয়ে যান।

সকালে রেললাইনে রক্তাক্ত মরদেহটি পড়ে থাকতে দেখে পুলিশে খবর দেন স্থানীয় লোকজন। পরে ঘটনাস্থল থেকে মরদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য চুয়াডাঙ্গা সদর হাসপাতাল মর্গে পাঠায় পুলিশ। পুলিশ তখন জানায়, নিহতের শরীরে ধারালো অস্ত্র দিয়ে আঘাতের চিহ্ন ছিল। ধারণা করা হচ্ছে, কুপিয়ে হত্যার পর মরদেহ রেললাইনে ফেলে রাখা হয়। এ ঘটনায় শীলার ভাই বাদী হয়ে পোড়াদহ রেলওয়ে থানায় একটি হত্যা মামলা দায়ের করেন।

মামলার পর র্যাব অভিযানে নামে। তথ্যপ্রযুক্তি সাহায্যে রাসেলের অবস্থান নিশ্চিত হয়ে ফরিদপুরের মুন্সিবাড়ি এলাকায় অভিযান চালায় র্যাব। সেখান থেকে গ্রেপ্তার করা হয় রাসেলকে।

র্যাব-১২ এর মেহেরপুর সিপিস-৩ এর কোম্পানি কমান্ডার (অতিরিক্ত পুলিশ সুপার) আশরাফউল্লাহ জানান, র্যাব-১২, সিপিসি-৩, মেহেরপুর ও র্যাব-১০, সিপিসি-৩, ফরিদপুরের যৌথ অভিযানে তাকে গ্রেপ্তার করা হয়। পরে তাকে পোড়াদহ রেলওয়ে থানায় হস্তান্তর করা হয়।

গাংনীতে পুকুরে ডুবে শিশুর মৃত্যু

পুকুরের পানিতে ডুবে হুসাইন আহমেদ (৩) নামের এক শিশু মারা গেছে। নিহত তালহা হুসাইন গাংনী উপজেলার আমতৈল গ্রামের উজ্জ্বল হোসেনের ছেলে। বাবা মায়ের সাথে বিবাহ বিচ্ছেদ ঘটায় সে মায়ের সাথে নানা বাড়ি এলাঙ্গী গ্রামে থাকতো।

আজ বৃহস্পতিবার (২৪ অক্টোবর) দুপুরে গাংনী উপজেলার এলাঙ্গী গ্রামে তার নানা বাড়িতে এই ঘটনা ঘটে।

গাংনী থানার তদন্ত অফিসার মেজবাহ উদ্দিন এই তথ্য নিশ্চিত করেছেন।

নিহত হুসাইনের মা নুপুর খাতুন জানান, আমি রান্না করছিলাম। এক এসময় হুসাইন খেলতে খেলতে বাড়ির বাইরে চলে যায়। বাড়ির পাশেই পুকুরে পড়ে মারা যায় সে। আমি তাঁকে খুঁজতে গিয়ে দেখি,পুকুরে ভাসছে। তাঁকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিলে চিকিৎসক মৃত ঘোষণা করেন।

মুজিবনগরে জাতীয় এইচপিভি টিকাদান ক্যাম্পেইনের শুভ উদ্বোধন

মুজিবনগরে এইচপিভি টিকাদান ক্যাম্পেইনের শুভ উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে। আজ বৃহস্পতিবার সকাল ১১ টার সময় মুজিবনগর উপজেলা স্বাস্থ্য বিভাগের আয়োজনে মুজিবনগর সরকারি মাধ্যমিক বিদ্যালয় হল রুমে এই ক্যাম্পেইনের উদ্বোধন অনুষ্ঠিত হয়।

উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা: আসাদুজ্জামানের সভাপতিত্বে ক্যাম্পেইনের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী অফিসার

খাইরুল ইসলাম।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মুজিবনগর থানা অফিসার ইনচার্জ (ওসি) মিজানুর রহমান, উপজেলা একাডেমিক সুপারভাইজার হাসনাইন জাহিদ, মুজিবনগর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ইজারুল ইসলাম, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের ডা: আহসান হাবিব, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা: খন্দকার সানজিদা আক্তারসহ উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ের কর্মকর্তা কর্মচারীবৃন্দ।

এইচপিভি টিকাদান ক্যাম্পেইনে উপজেলার ৪টি ইউনিয়নের প্রাথমিক, মাধ্যমিক, মাদ্রাসা, কারিগরি, কিন্ডারগার্ডেনসহ ৭৪ টি শিক্ষা প্রতিষ্ঠানের ১০ থেকে ১৪ বছর বয়সী ৪,৭৩০ জন শিক্ষার্থীকে এই টিকা প্রদান করা হবে।